LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

সোমবার, ১৪ই মে , ২০১৮ ইং

ক্যাপটিভ পাওয়ারের জন্য গ্যাসের অনুমোদন পেয়েছে সুহৃদ

ক্যাপটিভ পাওয়ারের জন্য নতুন গ্যাস সংযোগের অনুমোদন পেয়েছে সুহৃদ ইন্ডাস্ট্রিজ। সম্প্রতি তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য এ গ্যাস সংযোগের অনুমোদন দিয়েছে। গ্যাসের মাধ্যমে উৎপাদিত বিদ্যুতের ব্যয় তুলনামূলক কম হওয়ার কারণে এ খাতে কোম্পানির ব্যয় সাশ্রয় হবে। পাশাপাশি নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হলে কোম্পানির উৎপাদন ও মুনাফায় ইতিবাচক প্রভাব পড়বে বলে আশা করছেন কোম্পানি-সংশ্লিষ্টরা। সুহৃদ ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মাহমুদুল হাসান বণিক বার্তাকে জানান, গত বছরের অক্টোবরে কোম্পানির বর্তমান পর্ষদ দায়িত্ব নেয়ার পরই জেনারেটরের মাধ্যমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে গ্যাসের জন্য তিতাসের কাছে আবেদন করা হয়। আনুষঙ্গিক প্রক্রিয়া শেষে সম্প্রতি গ্যাস সংযোগ অনুমোদন করে ডিমান্ড নোট ইস্যু করেছে তিতাস গ্যাস। প্রতি ঘন্টায় ১০ হাজার ৮০০ ঘনফুট ও প্রতি মাসে ৭৬ হাজার ৩৩৩ ঘনমিটার গ্যাস সরবরাহ করা হবে। সরবরাহকৃত গ্যাস কাজে লাগিয়ে ৯৫০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করা হবে।http://bonikbarta.net

শুধু ব্লু-চিপ সূচক বেড়েছে

আগের দিনের ধারাবাহিকতায় ব্রড ইনডেক্সের নিম্নমুখী প্রবণতায় সপ্তাহ শুরু করেছে দেশের শেয়ারবাজার। তবে গতকাল উভয় স্টক এক্সচেঞ্জেই পয়েন্ট যোগ করেছে ব্লু-চিপ সূচক। দিন শেষে উভয় বাজারেই দর হারিয়েছে সিংহভাগ সিকিউরিটিজ। বাজার পর্যবেক্ষণে দেখা যায়, প্রথম আধা ঘন্টায় ব্রড ইনডেক্স কিছুটা বাড়তে থাকলেও বাকি সময় তা টানা কমেছে। ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্রড ইনডেক্স ডিএসইএক্স ২৮ দশমিক ৫৫ পয়েন্ট বা দশমিক ৫১ শতাংশ কমে দাঁড়ায় ৫ হাজার ৫৫৮ দশমিক ৬৭ পয়েন্টে। তবে কিছু সময় পর পর নির্বাচিত কোম্পানিগুলোর শেয়ারে ক্রয়াদেশ বাড়তে থাকায় দিন শেষে সামান্য পয়েন্ট যোগ করতে পেরেছে ব্লু-চিপ সূচক। ১ দশমিক ৮৩ পয়েন্ট বা দশমিক শূন্য ৯ শতাংশ বেড়ে ২ হাজার ৭৫ দশমিক ৩৭ পয়েন্টে অবস্থান করছে ডিএস ৩০। এদিকে ৫ দশমিক ৩৫ পয়েন্ট বা দশমিক ৪১ শতাংশ কমে ১ হাজার ৩০১ দশমিক ৫৩ পয়েন্টে অবস্থান করছে শরিয়াহ সূচক ডিএসইএস। সারা দিনে ডিএসইতে লেনদেন হয় ৩৭৮ কোটি ৭৯ লাখ ৩৯ হাজার টাকা। আগের কার্যদিবসে তা ৫৬২ কোটি ৪৭ লাখ ৫৭ হাজার টাকা। লেনদেনকৃত সিকিউরিটিজের মধ্যে দিন শেষে দাম বেড়েছে ৭৫টির, কমেছে ২১৯টির ও অপরিবর্তিত ছিল ৪৪টির বাজারদর। http://bonikbarta.net

বিনিয়োগে বাধা ওয়্যারহাউজ স্বল্পতা ও দুর্বল বন্দর ব্যবস্থাপনা

বাংলাদেশে ওয়্যারহাউজ স্বল্পতা ও বন্দর ব্যবস্থাপনার দুর্বলতায় বেসরকারি খাতে বিনিয়োগ বাধাগ্রস্ত হচ্ছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। বহুজাতিক প্রতিষ্ঠানগুলোকে বাংলাদেশে তাদের পণ্য সংরক্ষণের সুযোগ করে দিতে নীতিমালা প্রণয়নের মাধ্যমে ওয়্যারহাউজ সম্প্রসারণের ওপর জোর দিয়েছেন তারা। গতকাল রাজধানীর সোনারগাঁও হোটেলে ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশনের (আইএফসি) সহায়তায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশ লজিস্টিকস

কস্ট স্টাডি (ওয়্যারহাউজ অ্যান্ড স্টোরেজ)’ শীর্ষক কর্মশালায় বক্তারা এসব কথা বলেন। ডিসিসিআই সভাপতি আবুল কাশেম খানের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন নৌ সচিব আব্দুস সালাম। বিশেষ অতিথি ছিলেন আইএফসির বাংলাদেশ ও নেপালের কান্ট্রি ডিরেক্টর ওয়েন্ডি ওয়ার্নার। মূল প্রবন্ধের ওপর আলোচনায় অংশ নেন বিশ্বব্যাংকের জ্যেষ্ঠ অর্থনীতিবিদ ড. মাশরুর রিয়াজ, ডিসিসিআইয়ের পরিচালক খন্দকার রাশেদুল আহসান, ফরেন চেম্বারের আহ্বায়ক সৈয়দ সাদাকত হোসেন প্রমুখ। http://bonikbarta.net

রাজধানীতে স্কুল ব্যাংকিং কনফারেন্স অনুষ্ঠিত

বাংলাদেশ ব্যাংকের আয়োজনে দেশের সব তফসিলি ব্যাংকের অংশগ্রহণে গতকাল ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ প্রাঙ্গণে ‘স্কুল ব্যাংকিং কনফারেন্স ঢাকা ২০১৮’ অনুষ্ঠিত হয়। কনফারেন্সে ঢাকা জেলার ৬০টি বিদ্যালয়ের ৬০০ শিক্ষার্থী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর আবু হেনা মোহা. রাজি হাসান। বিশেষ অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব সফিউদ্দিন আহমেদ, বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মো. আবদুর রহিম, রূপালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. আতাউর রহমান প্রধান, ব্যাংক এশিয়ার ব্যবস্থাপনা পরিচালক ও অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশের সাধারণ সম্পাদক মো. আরফান আলী। সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংকের ফিন্যান্সিয়াল ইনক্লুশন বিভাগের মহাব্যবস্থাপক মো. আবুল বশর। http://bonikbarta.net

যন্ত্রাংশের বাজারে মনোযোগ বাড়াচ্ছে এয়ারবাস ও বোয়িং

আন্তঃমহাদেশীয় উড়োজাহাজের মাধ্যমে এয়ারবাস ও বোয়িং বৈশ্বিক সাফল্য পেলেও প্রতিষ্ঠান দুটি এখন ব্যবসার ধরন পরিবর্তন করতে চাইছে। আকাশসেবায় একটু কম চোখ ধাঁধানো অথচ বেশি লাভের ক্ষেত্র— যন্ত্রাংশ ও মেরামত সেবার দিকে নজর দিতে এ খাতে নিজেদের কর্তৃত্ব বজায় রাখতে চাইছে কোম্পানি দুটি। খবর এএফপি। বিশ্বজুড়ে আকাশ ভ্রমণের চাহিদা বৃদ্ধির প্রেক্ষাপটে বিশ্বের বৃহৎ উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠানগুলো উৎপাদন বাড়ালেও কোটি কোটি ডলারের বিক্রয়োত্তর সেবার বাজারের দিকে তাদের মনোযোগ ক্রমান্বয়ে বাড়ছে। এ খাতের বড় বড় প্রতিষ্ঠান আগ্রাসীভাবে ব্যবসা বৃদ্ধি করছে। এক্ষেত্রে মূলত রক্ষণাবেক্ষণ, মেরামত ও উড়োজাহাজ সংস্কারের বিষয় থাকলেও যন্ত্রাংশ সরবরাহ ও প্রশিক্ষণের মতো সেবাও দেয়া হয়। ইউরোপ ও যুক্তরাষ্ট্রের কোম্পানিগুলো বহুদিন ধরেই বিক্রয়োত্তর সেবার ব্যবসা করে আসছে, তবে সম্প্রতি কোম্পানিগুলো এ বাজারে নিজেদের উপস্থিতি আরো বৃদ্ধি করছে এবং জার্মানির লুফতানসা টেকনিক ও যুক্তরাষ্ট্রভিত্তিক এএআরকে চ্যালেঞ্জ ছুড়ে দিচ্ছে। http://bonikbarta.net

চার বছর পর ফ্লিপকার্টের আইপিও ছাড়বে ওয়ালমার্ট

যুক্তরাষ্ট্রের বহুজাতিক খুচরা কোম্পানি ওয়ালমার্ট ইনকরপোরেশন জানিয়েছে, আগামী চার বছরের মধ্যে অধিগ্রহণ করা ভারতীয় কোম্পানি ফ্লিপকার্টের আইপিও ছাড়বে তারা। শনিবার সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে দায়ের করা ফাইলিংয়ে ওয়ালমার্ট এ কথা জানিয়েছে। খবর রয়টার্স। গত সপ্তাহে ওয়ালমার্টের পক্ষ থেকে বলা হয়, ১ হাজার ৪০০ কোটি ডলারে তারা ভারতের ই-কমার্স কোম্পানি ফ্লিপকার্টের ৭৭ শতাংশ শেয়ার কিনে নিচ্ছে। এটি ওয়ালমার্টের এ যাবৎকালের মধ্যে সবচেয়ে বড় অধিগ্রহণ চুক্তি। ১১ মে যুক্তরাষ্ট্রের রেগুলেটরি কমিশনে আরকানসাসভিত্তিক কোম্পানিটি জানায়, ‘চার বছর পর ওয়ালমার্ট-ফ্লিপকার্টের লেনদেন সম্পন্ন হলে ফ্লিপকার্টের প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও) ছাড়া হবে।’ সেখানে আরো বলা হয়, ভারতীয় কোম্পানিটিতে ওয়ালমার্টের বিনিয়োগ অনুযায়ীই আইপিওর মূল্য নির্ধারিত হবে। http://bonikbarta.net